দৈনিক জনকণ্ঠ

4 JAN 2017
2 ... ৩

# পিয়ার ইন্সপেকশন পদ্ধতিতে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের নির্দেশ

স্টাফ রিপোর্টার ॥ পিয়ার ইন্সপেকশন (এক প্রতিষ্ঠান আরেক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পরিদর্শন) পদ্ধতিতে শিক্ষা-প্রতিষ্ঠান পরিদর্শনের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, আমাদের ৩৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠান পরিদর্শনের সময় সামগ্রিক বিষয়গুলো দেখতে হবে। আর্থিক হিসাবের পাশাপাশি লেখাপড়ার মান, পরিবেশ, শিক্ষকরা ঠিকভাবে ক্লাস নিচ্ছেন কিনা- এ বিষয়গুলো পরিদর্শন প্রতিবেদনে তুলে ধরতে হবে।

মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতরে (ডিআইএ) শেখ রাসেল স্মৃতি মিলনায়তন উদ্বোধন এবং মহান ভাষা আন্দোলন, ৭ মার্চের ঐতিহাসিক ভাষণে স্বাধীনতার ঘোষণা ও ডিজিটাল বাংলাদেশ বিষয়ক ম্যুরাল উন্মোচন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে পিয়ার ইন্সপেকশন সফটওয়্যার নিয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন ডিআইএর যুগ্ম পরিচালক বিপুল চন্দ্র সরকার। ডিআইএর পরিচালক অধ্যাপক আহাম্মেদ সাজ্জাদ রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মোঃ আলমগীর, অতিরিক্ত সচিব ড. মোল্লা জালাল উদ্দিন, মাউশি অধিদফতরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান প্রমুখ।